



সংশোধিত

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং পনি/পিএ-৯৭৬

তারিখ : ০৫-০৯-২০২৪ খ্রি.

এইচএসসি পরীক্ষা ২০২৪ এর জরুরি বিজ্ঞপ্তি

এইচএসসি পরীক্ষা ২০২৪-এ অংশগ্রহণকারী পরীক্ষার্থীর নিম্নবর্ণিত তথ্য প্রেরণের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ মহোদয়গণকে অনুরোধ করা হলো।

এইচএসসি পরীক্ষা ২০২৪ সালের নিয়মিত/অনিয়মিত/মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে

(পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রেরণ করবেন। কোনো অবস্থাতেই ব্যবহারিক পরীক্ষার অজুহাতে পরীক্ষার্থীদের কলেজে আনা যাবে না)।

- ১। সকল পরীক্ষার্থীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT বিষয় কোড ২৭৫) বিষয়ের ব্যবহারিকের প্রাপ্ত নম্বর (শ্রেণি কার্যক্রম চলাকালে প্রাপ্ত) বোর্ডের অনলাইনে প্রেরণ করে এর প্রিন্ট কপি কেন্দ্রে সংরক্ষণ ও মূল কপি বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। ইতোমধ্যে এ বোর্ডের ওয়েবসাইট খুলে দেওয়া হয়েছে।
- ২। ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীর হাজিরাপত্র, অনুপস্থিত ও বহিষ্কৃত পরীক্ষার্থীদের তালিকা ফটোকপি কেন্দ্রে সংরক্ষণ করে মূলকপি বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

এইচএসসি পরীক্ষা ২০২৪ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য

(সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ প্রেরণ করবেন)

- ৩। ১৯৯৬ সালের পূর্বে এসএসসি পাস করা প্রাইভেট পরীক্ষার্থীদের এসএসসি পাসের নম্বরপত্রের ফটোকপি (সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক যাচাইকৃত) এবং এইচএসসি পরীক্ষা ২০২৪ এর প্রবেশপত্রের ফটোকপি অধ্যক্ষ কর্তৃক সত্যায়ন করে বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দিতে হবে।


এইচএসসি পরীক্ষা ২০২৪ সালের সমতুল্য সনদধারী পরীক্ষার্থীদের জন্য

(সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ প্রেরণ করবেন)

- ৪। সমতুল্য সনদধারী পরীক্ষার্থীদের (অন্যান্য দেশ থেকে আগত) জেএসসি/সমমান (প্রযোজ্য ক্ষেত্রে) ও এসএসসি/সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র (নম্বর/গ্রেড প্রদান পদ্ধতির প্রমাণক কাগজ পত্রসহ) ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃক সমতুল্য সনদপত্রের কপি যশোর শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দিতে হবে।

উল্লিখিত তথ্য আগামী ১২-০৯-২০২৪ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


০৫-০৯-২০২৪

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর